# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) বি-টি-সি নির্বাচনে বি পি এফ দল সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পথে অগ্রসর । এ পর্যন্ত ২১টি আসনে বি পি এফের অগ্রগতি ।

২) শিল্পী জুবিন গার্গের সিঙ্গাপুরে মৃত্যু হওয়ার ঘটনার তদন্ত দাবী করে রাজ্যের শিল্পী সমাজের পুলিশ আপরাধ অনুসন্ধান বিভাগের কার্যালয়ে এজাহার দাখিল ।

৩) জুবিন গার্গের অকাল মৃত্যুর ঘটনার সঙ্গে জড়িত কোন ব্যাক্তির পক্ষে ওকালতি না করতে আসাম উকিল সংস্থার সিদ্ধান্ত ।

এবং

৪) আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তন আগামী ১৯ ও ২০ জানুয়ারী ।

---------------------------------------------------------------------------------

বি টি সি নির্বাচনে বি পি এফ দল সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পথে অগ্রসর হচ্ছে । শেষ পাওয়া তথ্য অনুসারে এ পর্যন্ত ২১টি আসনে বি পি এফ দলের প্রার্থীরা এগিয়ে রয়েছেন । ইউ পি পি এল ১১টি , বি জে পি ৮টি আসনে এগিয়ে রয়েছে । কোকরাঝার এবং ওদালগুড়ি জেলায় বি পি এফ-এর প্রার্থীরা ভাল ফল প্রদর্শন করেছে অন্যদিকে তামুলপুর জেলায় বি জে পি তুলনামূলকভাবে ভাল স্থানে রয়েছে । চিরাং জেলায় বি পি এফ এবং ইউ পি পি এল ও বি জে পি-র মধ্যে তীব্র প্রতিদ্বন্দিতা চলছে । বাক্সা জেলায়ও বি জে পি , বি পি এফ এবং ইউ পি পি এলের মধ্যে তীব্র প্রতিদ্বন্দিতা চলছে ।

---------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লীর রাষ্ট্রপতি ভবনের সাংস্কৃতিক কেন্দ্রে আয়োজিত একটি অনুষ্ঠানে জাতীয় ভূ-বিজ্ঞান পুরস্কার ২০২৪ প্রদান করেন । জাতীয় ভূ-বিজ্ঞান পুরস্কার দেশের সবচেয়ে পুরনো এবং সম্মানিত পুরস্কাগুলির মধ্যে অন্যতম

। পুরস্কার প্রাপকদের শুভেচ্ছা জানিয়ে রাষ্ট্রপতি বলেন যে ভূ-বিজ্ঞানীদের বিভিন্ন ক্ষেত্রে অসাধারণ কৃতিত্ব এবং অবদানের জন্য এই পুরস্কার প্রদান করা হয়েছে । মানব সভাত্যার বিকাশে খনিজাত পদার্থ এক বিশেষ ভূমিকা গ্রহণ করে এবং এই খনিজাত পদার্থ শিল্প কারখানাগুলির জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন । শ্রীমতী মুর্মু আরো বলেন যে কয়লা এবং লৌহ ছাড়া শিল্পায়নের কথা কল্পনা করা অসম্ভব । উল্লেখ্য যে খনি মন্ত্রনালয় প্রতি বছর তিনটি শাখায় এই পুরস্কার প্রদান করে আসছে ।

---

জনতার প্রাণের শিল্পী জুবিন গার্গের সিঙ্গাপুরে মৃত্যু হওয়ার ঘটনার তদন্ত দাবী করে রাজ্যের শিল্পী সমাজ আজ গৌহাটির উলুবারীতে অবস্থিত পুলিশ আপরাধ অনুসন্ধান বিভাগের কার্যালয়ে একটি এজাহার দাখিল করে । শিল্পী সমাজের সভাপতি ডক্টর হিতেশ বরুয়ার নেতৃত্বে অভীনেতা যতীন বরা , রবি শর্মা , পরিচালক শশাংক সমীর সহ শিল্পী কলা-কুশলীরা অপরাধ অনুসন্ধান বিভাগের প্রবীন পুলিশ সুপার সুধাকর সিং-এর সঙ্গে সাক্ষাৎ করে এই এজাহার দাখিল করেন । শিল্পী সমাজ এর মাধ্যমে নর্থ-ইষ্ট ফেষ্টিভেলের আয়োজক শ্যামকানু মহন্ত , প্রয়াত জুবিন গার্গের মেনেজার সিদ্ধার্থ শর্মা সহ সিঙ্গাপুরের এই দুর্ভাগ্যজনক ঘটনার সঙ্গে যুক্ত অন্যান্যদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার আবেদন জানান । পুলিশ অপরাধ অনুসন্ধান বিভাগের কার্যালয় থেকে বেরিয়ে অভীনেতা যতীন বরা সংবাদ মাধ্যমকে বলেন যে জুবীন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে অপরাধ অনুসন্ধান বিভাগ সম্পূর্ণ সহযোগিতা করে শিল্পী সমাজর প্রত্যেক ব্যক্তির কাছ থেকে পৃথক পৃথক ভাবে ভাষ্য গ্রহণ করেছে।

এদিকে শিল্পী জুবিন গার্গের মৃত্যু সম্পর্কে দায়ের করা মামলায় অভিযুক্তদের সপক্ষে সহায়তা না করতে সারা আসাম উকিল সংস্থা রাজ্যের সব অধিবক্তাদের প্রতি আহ্বান জানিয়েছে । এক প্রেস বিবৃতির মাধ্যমে আসাম উকিল সংস্থার সভাপতি শৈলেন্দ্র দাস , সাধারণ সম্পাদক দিপক কুমার দাস , কার্যকরী সভাপতি মানস শরণীয়া এবং উপ-সভাপতি বিজন কুমার মহাজন এই আহ্বান জানিয়েছেন । বিবৃতিতে উল্লেখ করা হয়েছে যে রাজ্যের বিভিন্ন প্রান্তে জুবিন গার্গের অস্বাভাবিক মৃত্যুর সঙ্গে জড়িত সন্দেহে বেশ কয়েক জনের বিরুদ্ধে এজাহার দাখিল করা হয়েছে । রাজ্য সরকার এই মামলার তদন্তের জন্য ইতিমধ্যেই এস এই টি গঠন করেছে । অভিযুক্তরা অগ্রিম জামিন অথবা জামিন চেয়ে অধিবক্তাদের কাছে আইনী সহায়তার জন্য আসতে পারেন । এই প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে অধিবক্তা সমাজ , মহান শিল্পীর অস্বাভাবিক মৃত্যুর সঙ্গে

জড়িতদের সপক্ষে নৈতিক এবং সামাজিক দায়বদ্ধতার প্রতি লক্ষ্য রেখে সু-চিন্তিত ভাবে সমাজের পক্ষ গ্রহণ করতে অধিবক্তাদের প্রতি আহ্বান জানিয়েছে ।

অন্যদিকে জনতার প্রাণের শিল্পী জুবিন গার্গের সিঙ্গাপুরে মৃত্যুর ঘটনার তদন্তের জন্য গঠন করা বিশেষ তদন্তকারী দলটি আজ তৃতীয় দিন অভিযুক্ত শ্যামকানু মহন্তের মাদার টেরেসা রোডের কার্বি পথে থাকা বাসগৃহে অভিযান চালায় । বিশেষ তদন্তকারী গোষ্ঠীর নেতৃত্বে আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান বিভাগের ৩০ জনের একটি দল ওই বাসগৃহের

প্রত্যেকটি কোঠায় অভিযান চালিয়ে বিভিন্ন তথ্যের অনুসন্ধান করে । এদিকে প্রয়াত শিল্পী জুবিন গার্গের মেনেজার সিদ্ধার্থ শর্মার গৌহাটির ধীরেনপারায় থাকা বাসগৃহে একাংশ লোক পুলিশকে আক্রমণ করার ঘটনার সঙ্গে যুক্ত মোট ৯ জনকে গ্রেপ্তার করা হয় ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ সমগ্র দেশের প্রায় ৯৮ হাজার স্থানে বি এস এন এলের ৪-জি ষ্টেক সংযোজনের বিষয়ে ঘোষনা করেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আনুষ্ঠানিকভাবে এই ব্যবস্থার উদ্বোধন করবেন । নতুনদিল্লীতে আজ সংবাদ মাধ্যমকে এ বিষয়ে জানিয়ে মন্ত্রী বলেন যে এই ৪-জি ষ্টেকগুলিকে ৫- জিতে উন্নীত করা হবে ও দেশের কোনো একটি স্থান ও এই প্রক্রিয়া থেকে বাদ পড়বেনা ।এই নেটোয়ার্কগুলি সম্পূর্নভাবে সফটোয়ার দ্বারা চালিত , ক্লাউড ভিত্তিক ও ভবিষ্যতের প্রযুক্তির অনুকূল বলে তিনি জানান ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তন অনুষ্ঠান আগামী ১৯ ও ২০ জানুয়ারী অনুষ্ঠিত হবে । এতে ২০২৫ সালের পয়লা জানুয়ারী থেকে সমাবর্তন অনুষ্ঠানের জন্য জারী করা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা আবেদন পত্র জমা দেবার শেষ দিন পর্যন্ত যেসব ছাত্র ছাত্রী এম ফিল এবং পি এইচ ডি ডিগ্রীর জন্য আবেদন করবেন তাদের সম্মানিত করা হবে । অর্থাৎ যেসব ছাত্র ছাত্রী চলতি বছরের ৬ নভেম্বরের মধ্যে ই-মেল যোগে তাদের ডিগ্রী সম্পূর্ণ করার আবেদন পত্র সহ ডিগ্রী সম্পূর্ণ করার নোটিফিকেশন অন-লাইন যোগে প্রেরণ করবেন তাদেরকেই ওই দিনের সমাবর্তন অনুষ্ঠানে সম্মানিত করা হবে । এছাড়াও সমাবর্তন অনুষ্ঠানে ইন্টিগ্রেটেড কোর্স , স্নাতক এবং স্নাতকোত্তর পাঠক্রমের ছাত্র ছাত্রীদেরও সার্টিফিকেট প্রদান করা হবে । ইচ্ছুক ছাত্র ছাত্রীদের

www.ausexamination.ac.in এই ওয়েবসাইটে আগামী ২০ অক্টোবর বেলা ১২টা ৩০ মিনিটর পর থেকে ৩০ অক্টোবরের মধ্যে ২ হাজার ৮শো টাকা ফিস দিয়ে নিজেদের নাম নথিভুক্ত করতে বলা হয়েছে । আসাম বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক ডক্টর পি কে নাথ এক বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------------

শারদীয় দূগোৎসবের আর দুদিন বাকী থাকা অবস্থায় শহরে ও গ্রামাঞ্চলে মন্ডপগুলি তৈরীর জন্য ব্যবস্তা পরিলক্ষিত হচ্ছে । প্রায় প্রতিটি মন্ডপের ই কিছু বিশেষ আকর্ষনের জন্য পূজো কমিটি , মৃৎশিল্পীরা তাদের শেষ তুলির টানে ব্যস্ত রয়েছেন ।এদিকে এবার শিলচর তারাপুরে কলীমোহন রোড দূর্গা পূজা কমিটি মন্ডপটি বদ্রিনাথ ধামের আদলে তৈরী করছে । ৩৫ ফুট উচ্চতার প্যান্ডেলে ফোম , থামোকল , কাপড় , প্লাইউড , কাঠ এবং সানপ্যাক ব্যবহার করা হবে । শিলচরের কারিগররাই এই কাঠামো তৈরী করছেন ।পূজো কমিটির সাধারণ সম্পাদক জানিয়েছেন এবছর এই পূজো ৪৭ তম বছরে পড়বে ।৫০ বছর পূর্তির আগে শেষ ৪ বছরে ৪ টি ধামকে মূল থিম করে পূজো আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে । ৪৬ তম বর্ষে পুরীর
জগন্নাথ ধাম তৈরী করা হয়েছিল ।আগামী দুবছর তামিলনাডুর রামেশ্বরম এবং দ্বারকা ধাম তৈরী করা হবে । পূজোর জন্য নিখুত কারুকার্য সহ শাস্ত্রীয় প্রতিমা তৈরী করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আসন্ন দূর্গা পূজা সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে এবং যেকোন জরুরীকালীন পরিস্থিতিতে যোগাযোগের জন্য একটি কন্ট্রল রুম খোলা হয়েছে । জেলা আয়ুক্তের কার্য্যলয়ে থাকা এই কন্ট্রল রুমের নম্বর হচ্ছে-০৩৮৪৩-২৬৫১৪৪ । পাশাপাশি পুলিশ বিভাগের কন্ট্রল রুমের নম্বর হচ্ছে -৮০৯৯৬৬২২৭৫ এবং অগ্নি ও জরুরীকালীন পরিষেবার জন্য যোগাযোগ করতে কন্ট্রল রুমের নম্বর হচ্ছে ০৩৮৪৩-২৬২১০১ ।

---------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা ম্যাজিষ্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আসন্ন দূর্গা পূজা উৎসবের সময় জেলায় শান্তি-সম্প্রীতি ও আইন-শৃংখলা পরিস্থিতি বিঘ্নিত না হওয়ার পরিপ্রেক্ষিতে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে জেলায় আগামী ২৯শে সেপ্টেম্বর থেকে তেসোরা অক্টোবর পর্য্যন্ত বিনা অনুমতিতে কোন ধরনের বনধ , র‍্যালী , ধর্না প্রদর্শন করা যাবে না । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে ।

---

শিলচর রাধামাধব কলেজের সাংস্কৃতিক বিভাগের উদ্যোগে আজ কলেজ প্রেক্ষাগৃহে শারদ উৎসব-২০২৫ পালিত হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরী শারদ উৎসবের সূচনা করেন । এ উপলক্ষ্যে কলেজের ছাত্র-ছাত্রীদের দ্বারা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়েছে ।

---